ঝিনাইদহে বঙ্গবন্ধু ও প্রধানমন্ত্রীর ছবি সম্বলিত ব্যানার ছিড়েছে দুর্বৃত্তরা

ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের দলীয় কার্যালয়ের বাইরে টাঙানো বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছবি সম্বলিত সকল ব্যানার ছিড়ে ফেলেছে দুর্বৃত্তরা।

গতকাল সোমবার (২৯ জানুয়ারি) রাতে কে বা কারা এ ঘটনা ঘটায়। নেতৃবৃন্দ জানায়, সোমবার রাত ১০ টার পর শহরের বঙ্গবন্ধু সড়কের পুরাতন জজ কোর্ট চত্বরের জেলা আওয়ামী লীগের কার্যালয় বন্ধ করা হয়। সকালে দলীয় কার্যালয়ে সাথে ও সামনে টাঙানো সকল ব্যানার ফেস্টুন ছেড়া অবস্থায় মাটিতে পড়ে থাকতে দেখে। খবর পেয়ে জেলা আওয়ামী লীগের নেতাকর্মী ও পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছেন। এ ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে দ্রুত দোষীদের আইনে আওতায় আনার দাবী জানান আওয়ামী লীগের নেতাকর্মীরা।

ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আছাদুজ্জামান আছাদ বলেন, সোমবার রাতে কে বা কারা জেলা আওয়ামী লীগের অফিস ও অফিস সংলগ্ন বঙ্গবন্ধু ও প্রধানমন্ত্রীর ছবি সম্বলিত যেসব ব্যানার ছিলো সেগুলো কেটে ও ছিঁড়ে ফেলেছে। আমরা জেলা আওয়ামী লীগের পক্ষ থেকে এ ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি। যারা প্রধানমন্ত্রীর ছবি সম্বলিত ছবি ছেড়ার ধৃষ্ঠতা দেখাতে পারে সে যত পরাক্রমশালী হোক, যার ইন্ধনে হোক তাদের দ্রুত শনাক্ত করে আইনের আওতায় আনার দাবী জানাচ্ছি।

এ ব্যাপারে ঝিনাইদহের অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) মীর আবিদুর রহমান বলেন, পোস্টার ও ব্যানার ছেঁড়া দু:খজনক। আমরা তদন্ত করে দেখছি। এখানে একটা সিসিটিভি ক্যামেরা আছে যাচাই করে দেখছি। এ ঘটনা কারা ঘটিয়েছে তার দ্রুতই বের করব বলে আশা করি।